

বিজ্ঞপ্তি

নং ৮০.১০৩.০১১.০০.০০.০০১.২০১৫(অংশ-১)- ১৫ ৩

তারিখ : ২৭/৭/২০১৬ খ্রিঃ

বিষয় : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার কেন্দ্র ও সময়সূচী নির্ধারণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” পদে সরাসরি নিয়োগের জন্য প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ১৬.০৬.২০১৬ খ্রিঃ তারিখে অনিবার্য কারণে স্থগিত করা হয়েছিল। উক্ত লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী উল্লিখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে :

ক্রঃ নং	কেন্দ্রের নাম	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার বিষয় ও নম্বর	মন্তব্য
১.	শেরেবাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।	২১/০৮/২০১৬ খ্রিঃ দুপুর ২:০০ টা হতে ৫:০০ টা	বাংলা-১০০	
		২৪/০৮/২০১৬ খ্রিঃ দুপুর ২:০০ টা হতে ৫:০০ টা	ইংরেজি-১০০	
		২৮/০৮/২০১৬ খ্রিঃ দুপুর ২:০০ টা হতে ৫:০০ টা	সাধারণ জ্ঞান-১০০	
		২৯/০৮/২০১৬ খ্রিঃ দুপুর ২:০০ টা হতে ৫:০০ টা	সাধারণ গণিত-১০০	

৩। কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৪। পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৫। প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, কোনো ধরণের ঘড়ি আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হতে হবে। হাজিরা তালিকায় প্রার্থীর ছবি ও নামের পার্শ্বে প্রদত্ত স্বাক্ষরই কেবল গ্রহণযোগ্য হবে। অন্যথায় অনুপস্থিত হিসেবে গণ্য হবে।

৬। পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাদু পছন্দী অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ কর্তৃক উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণকে নিজ নিজ আসনে অবস্থান করতে হবে।

৭। “সাব-রেজিস্ট্রার” পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৮। লিখিত পরীক্ষার সময়সূচীর বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd কর্ম কমিশনের নোটিশ বোর্ড এবং দৈনিক পত্রিকায় পাওয়া যাবে।

“পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।”

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম সচিব)।